

# উইলিয়াম রিড ওভারপাস প্রতিস্থাপন প্রকল্প

# জনসাধারণের স্বার্থে অবগতিমূলক সভা

## সেখানে আসলে কী ঘটছে?

এই জনসাধারণের স্বার্থে অবগতিমূলক সভার উদ্দেশ্য হলো কেমব্রিজ সম্প্রদায়ের বাসিন্দাদের একটি সুযোগ দেওয়া, যাতে তারা উইলিয়াম রিড ওভারপাস প্রতিস্থাপনে MassDOT-এর চলমান কার্যক্রম সম্পর্কে জানতে পারেন এবং মেমোরিয়াল ড্রাইভ, ব্রুকলাইন স্ট্রিট ও বোস্টন ইউনিভার্সিটি ব্রিজের সংযোগস্থলের উন্নয়ন সম্পর্কে অবগত হতে পারেন।

2026 সালের জানুয়ারি মাসের জনসাধারণের স্বার্থে অবগতিমূলক সভায়, MassDOT জরাজীর্ণ রিড ওভারপাসের সমস্যা সমাধান, নিরাপত্তা বৃদ্ধি এবং প্রকল্প এলাকায় সাইকেল ও পথচারীদের যাতায়াত ব্যবস্থার উন্নতির লক্ষ্যে একগুচ্ছ সম্ভাব্য প্রাথমিক ধারণা উপস্থাপন করেছিল। এর পর থেকে, প্রকল্প দলটি অতিরিক্ত প্রযুক্তিগত বিশ্লেষণ সম্পন্ন করেছে, নতুন ট্রাফিক তথ্য সংগ্রহ করেছে, সহযোগী সংস্থাগুলোর সাথে সমন্বয় সাধন করেছে এবং বাসিন্দা, অ্যাডভোকেসি সংস্থা ও অন্যান্য অংশীজনদের অর্থাৎ স্টেকহোল্ডারদের কাছ থেকে মতামত সংগ্রহ করেছে। এই কাজগুলো বিবেচনাধীন বিকল্প পরিকল্পনাগুলোকে আরও নিখুঁত করতে সাহায্য করেছে এবং প্রতিটি পদ্ধতির ভালো-মন্দ বা সুবিধার বিপরীতে সম্ভাব্য ঘাটতিগুলো স্পষ্টভাবে বুঝতে সাহায্য করেছে।

## এর ফলে আপনার কী পরিবর্তন বা সুবিধা-অসুবিধা হবে?

MassDOT বর্তমানে রিড ওভারপাস এবং এর নিচের সংযোগস্থলের জন্য বাছাই করা কয়েকটি নতুন ও উন্নত বিকল্প পরিকল্পনা খতিয়ে দেখছে। বিবেচনায় থাকা প্রতিটি পরিকল্পনারই মূল লক্ষ্য হলো নিরাপত্তা বাড়ানো, রাস্তায় যাতায়াতকারীদের পারস্পরিক ঝুঁকি কমানো এবং বর্তমান গোলচত্বরের সমস্যাগুলো দূর করা, তবে একেকটি পরিকল্পনা একেক উপায়ে এই লক্ষ্যগুলো পূরণ করবে। কিছু বিকল্প পরিকল্পনায় বিদ্যমান ওভারপাসটি প্রতিস্থাপন করা হবে এবং এর নিচের সংযোগস্থলটি নতুন করে সাজানো হবে, অন্যদিকে অন্যান্য বিকল্পগুলোতে ওভারপাসটি সম্পূর্ণভাবে অপসারণ করে মেমোরিয়াল ড্রাইভকে সমতল রাস্তার সাথে মিলিয়ে দেওয়া হবে।

এই সভায় অংশগ্রহণকারীরা বর্তমানে বিবেচনাধীন বিকল্প পরিকল্পনাগুলো পর্যালোচনা করার, প্রতিটি বিকল্পের সাথে জড়িত সুবিধা ও চ্যালেঞ্জগুলো বোঝার এবং জনসাধারণের মতামত ও কারিগরি বিশ্লেষণ কীভাবে নকশা প্রক্রিয়াকে প্রভাবিত করেছে তা জানার সুযোগ পাবেন। আলোচনার বিষয়গুলোর মধ্যে অন্তর্ভুক্ত থাকবে নিরাপত্তা, অ্যাক্সেসিবিলিটি, ট্রাফিক ব্যবস্থাপনা, সাইকেল ও পথচারীদের যাতায়াত সুবিধা এবং চার্লস রিভার রিজার্ভেশনে প্রবেশের সুবিধা। পরবর্তী ধাপের কাজের জন্য একটি সেরা পরিকল্পনা বেছে নিতে Mass করে যাচ্ছে এবং এই প্রক্রিয়ায় যুক্ত হতে এবং নিজেদের মতামত ও প্রশ্ন তুলে ধরতে আগ্রহী সবাইকে অংশ নেওয়ার জন্য অনুরোধ করা হচ্ছে।

**সময়**

বৃহস্পতিবার, ৬ই আগস্ট, ২০২৬ সন্ধ্যা ৬:৩০

**কোথায় অনুষ্ঠিত হবে**

মোর্স স্কুল, অডিটোরিয়াম
৪০ গ্রানাইট স্ট্রিট, কেমব্রিজ, ম্যাসাচুসেটস ০২১৩৯

সবাই যাতে সহজে মিটিংয়ে অংশ নিতে পারেন, সেজন্য MassDOT প্রয়োজনীয় সব ধরনের সুযোগ-সুবিধা দেয়, এর মধ্যে রয়েছে লিখিত অনুবাদ, মুখের কথার তাৎক্ষণিক অনুবাদ, প্রয়োজনীয় পরিবর্তন বা সমন্বয়, বিশেষ সাহায্য, বিকল্প ফরম্যাটে তথ্য প্রকাশ এবং অন্যান্য সহায়ক সেবা। আপনি এই সুবিধাগুলোর মধ্যে থেকে কোনো একটি পেতে চাইলে, অনুগ্রহ করে MassDOT-এর প্রধান বৈচিত্র্য ও নাগরিক অধিকার কর্মকর্তার সাথে 857-368-8580 নম্বরে ফোন করে বা MassDOT.CivilRights@dot.state.ma.us ঠিকানায় ইমেল পাঠিয়ে যোগাযোগ করুন। আপনার অনুরোধটি গুরুত্ব সহকারে সময় নিয়ে সম্পন্ন করার জন্য, অনুগ্রহ করে যত তাড়াতাড়ি সম্ভব যোগাযোগ করুন, সবচেয়ে ভালো হয় যদি অনুষ্ঠান শুরু হওয়ার 10 থেকে 15 দিন আগেই অনুরোধটি করতে পারেন।

প্রজেক্ট বা প্রকল্প বিষয়ে কোনো কিছু জানার থাকলে আপনারা cambridgereidoverpass@dot.state.ma.us এই ঠিকানায় ইমেইল করতে পারেন
এই প্রস্তাবিত কাজের বিষয়ে আপনার কোনো লিখিত মতামত বা বক্তব্য থাকলে তা নিচের ঠিকানায় পাঠান: **Carrie A. Lavallee, P.E., Chief Engineer, MassDOT, 10 Park Plaza, Boston, MA 02116, Attention: MAJOR PROJECTS PROJECT FILE NO. 611987**